

নম্বর : ৪৬.০০.৪৯০০.০৪২.১৪.০৩৬.১৭.২১৫৯

তারিখ: ২৮ আশ্বিন ১৪২৮
১৩ অক্টোবর ২০২১

বিষয় : ২০২১-২০২২ অর্থ বছরে কুড়িগ্রাম জেলা পরিষদের এডিপি সাধারণ বরাদ্দের আওতায় স্কিম অনুমোদন।

সূত্র : ১. জেলা পরিষদ, কুড়িগ্রাম এর স্মারক ৪৬.৪৭.৪৯০০.০০২.১৪.০১২.২১.১৫০০, তারিখ: ২৩ সেপ্টেম্বর ২০২১;
২. স্থানীয় সরকার বিভাগের স্মারক ৪৬.০০.৪৯০০.০৪২.১৪.০৩৬.১৭.২১২৩, তারিখ: ০৭ অক্টোবর ২০২১।


উপর্যুক্ত বিষয় ও সূত্রস্ব ১ নং স্মারকে ২০২১-২০২২ অর্থ বছরে কুড়িগ্রাম জেলা পরিষদের অনুকূলে এডিপি বরাদ্দকৃত ৬২৫.০০ লক্ষ (ছয় কোটি পঁচিশ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে ৩১৯টি স্কিম বাস্তবায়নের অনুমোদন প্রদানের জন্য অনুরোধ জানানো হয়। প্রস্তাবিত স্কিম তালিকার মধ্যে ক্রমিক ১৯২-এ ৫.০০ লক্ষ টাকা ব্যয়ে প্রস্তাবিত 'কুড়িগ্রাম জেলা পরিষদের ক্যাম্পাস সংলগ্ন পুকুরের ঘাটলা নির্মাণ' শীর্ষক স্কিমের প্রস্তাব করা হয়েছে। এ স্কিমের বিষয়ে ব্যাখ্যা প্রদানের জন্য সূত্রস্ব ২ নং স্মারকে ইতোমধ্যে অনুরোধ জানানো হয়েছে। অপরদিকে, ৫৬, ১৩৫-নং স্কিমসমূহ ব্যক্তিকেন্দ্রিক মর্মে প্রতীয়মান হয়েছে। এছাড়া, ২৩৮-এ বর্ণিত 'উলিপুর জেলার গেন্দার আলগা স্কুল এন্ড কলেজ'-এর সরকারি অনুমোদন রয়েছে কিনা, এ সম্পর্কিত তথ্য প্রয়োজন।

২। এমতাবস্থায়, ৫৬, ১৩৫-নং ক্রমিকের স্কিম ব্যক্তিকেন্দ্রিক বিবেচিত হওয়ায় স্কিমসমূহ পরিবর্তন এবং স্কিম নং ২৩৮-এ বর্ণিত 'উলিপুর জেলার গেন্দার আলগা স্কুল এন্ড কলেজ'-এর সরকারি অনুমোদন রয়েছে কিনা-এ সম্পর্কিত তথ্যসহ পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। এছাড়া, ৫৬, ১৩৫, ১৯২ ও ২৩৮ নং স্কিম ব্যতীত অবশিষ্ট ৩১৫টি স্কিম ৬০৯.০০ লক্ষ (ছয় কোটি নয় লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

শর্তাবলী:

পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮, স্থানীয় সরকার বিভাগের ০৭ জানুয়ারি ২০২০ তারিখের ৪৬.০০.০০০০.০৪২.২০.০০৫.১৯-২০ নং পরিপত্রের নির্দেশনাসমূহ যথাযথ প্রতিপালন করতে হবে।


মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, কুড়িগ্রাম।

অনুলিপি:

১. মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো]